# পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ১৫তম সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব জাহিদ ফারুক, এমপি, প্রতিমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়
তারিখ : ৩১ জুলাই ২০১৯
সময় : দুপুর ১২.০০ ঘটিকা
স্থান : পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
সভার উপস্থিতি 'পরিশিষ্ট-ক' দ্রষ্টব্য

সভার শুরুতে জনাব জাহিদ ফারুক, এমপি, প্রতিমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় ও সভাপতি, ওয়ারপো পরিচালনা বোর্ড সূচনা বক্তব্য উপস্থাপন করেন। তিনি জনাব এ কে এম এনামুল হক শামীম, এমপি, উপমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়, পরিচালনা বোর্ডের ভাইস চেয়ারম্যান ও সদস্য হিসেবে উপস্থিত সচিববৃন্দ, অতিরিক্ত সচিববৃন্দ, পানি সম্পদ মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ, ওয়ারপো'র মহাপরিচালক সহ উপস্থিত সকলকে সভায় স্বাগত জানান। সভাপতি বলেন, বাংলাদেশের পানি সম্পদ খাতে সমন্বিত ও টেকসই পানি ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য মহাপরিকল্পনা প্রণয়ন, তথ্য-উপাত্ত ভান্ডার হালনাগাদকরণ ও বাংলাদেশ পানি আইন, ২০১৩ বাস্তবায়নের লক্ষ্যে ওয়ারপো'র কার্যক্রম পরিচালিত হচ্ছে। এ কাজগুলোর মূল্যায়ন এবং অর্পিত দায়িত্বপালনে ওয়ারপো-কে আরো গতিশীল করার জন্য প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদানের লক্ষ্যে পরিচালনা বোর্ডের সভা আয়োজন করা হয়েছে। সভাপতি আরো বলেন যে, জলবায়ু পরিবর্তনের সর্বাধিক ঝুঁকিতে থাকা পৃথিবীর বৃহত্তম ব-দ্বীপ বাংলাদেশের পানি সম্পদ ব্যবস্থাপনায় বহুমাত্রিক নীতিগত চ্যালেঞ্জ রয়েছে। এ চ্যালেঞ্জ মোকাবেলায় জাতির জনক বঙ্গবন্ধু বাংলাদেশের জন্মলগ্নেই দিকনির্দেশনা দিয়ে গেছেন। জাতির জনকের সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র নেতৃত্বে, তাঁর সুদুরপ্রসারী দিকনির্দেশনায় তৈরি হয়েছে জাতীয় পানি নীতি (১৯৯৯), বাংলাদেশ পানি আইন, ২০১৩, বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮, বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা, ২১০০। এছাড়া, মাননীয় প্রধানমন্ত্রী টেকসই উন্নয়ন অভীষ্ট বিষয়ক জাতিসংঘের High Level Panel on Water- এরও অন্যতম সদস্য। এ সকল কারণে টেকসই পানি সম্পদ ব্যবস্থাপনা নিশ্চিত করার ক্ষেত্রে আমাদের সকলের দায়বদ্ধতা অনেক বেশি। পানি সম্পদ খাতের পরিকল্পনা প্রণয়ন, নীতি হালনাগাদকরণ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য ওয়ারপো'র বিস্তৃত, বহুমুখী দায়িত্ব পালনে এর প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালী করা, এর কার্যক্রমকে গতিশীল করার জন্য সভাপতি সকলের পরামর্শ ও মতামত আশা করেন ।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে মহাপরিচালক, ওয়ারপো আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনার সূত্রপাত করেন । তিনি ওয়ারপো'র ভিশন, মিশন, কার্যাবলী ও অর্জন সম্পর্কে পরিচালনা বোর্ড-কে অবহিত করেন ।

আলোচ্যসূচী-২: পরিচালনা বোর্ডের ১৪তম সভার কার্যবিবরণী দৃঢ়করণ

বিগত ২৯/১/২০১৪ তারিখে অনুষ্ঠিত ওয়ারপো'র পরিচালনা বোর্ডের ১৪তম সভার কার্যবিবরণী দৃঢ়করণের জন্য উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ পাঠ করা হয়। সভার ১ম সিদ্ধান্ত, 'ভূগর্ভস্থ পানি বিষয়ক তথ্যাদি পানি সম্পদ মন্ত্রণালয়ের অনুমতি ব্যতিরেকে প্রকাশ করা যাবে না'- এর বিষয়ে সচিব, কৃষি মন্ত্রণালয় সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, ভূগর্ভস্থ পানি সংক্রান্ত গবেষণা ফলাফল গবেষক কর্তৃক প্রকাশের সময় ভূগর্ভস্থ পানির তথ্য প্রকাশ পেতে পারে, এটিকে আইনগত ভাবে বারিত করার বিষয়টি পুনর্বিবেচনা করা যেতে পারে। ভূগর্ভস্থ পানির তথ্য ক্লাসিফাইড হিসেবে ওয়ারপো'র Data Dissemination Policy-তে উল্লেখ করা হয়েছে, তবে বাংলাদেশ পানি আইন, ২০১৩-তে এ বিষয়ে উল্লেখ নেই মর্মে সভায় ওয়ারপো'র পক্ষ থেকে জানানো হয়। সার্বিক পর্যালোচনায় সিদ্ধান্ত হয় যে, ভূগর্ভস্থ পানি সংক্রান্ত ব্যক্তিগত/প্রাতিষ্ঠানিক

গবেষণা ফলাফল পানি সম্পদ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য সরকারি গবেষণা প্রতিষ্ঠান ও উচ্চ শিক্ষা কর্তৃপক্ষকে অনুরোধ করতে হবে। পরিচালনা বোর্ডের ১৪তম সভার কার্যবিবরণীর ১ম সিদ্ধান্তটি এভাবে পুনর্গঠন করে দৃঢ়করণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| সিদ্ধান্তের ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.১ | পরিচালনা বোর্ডের ১৪তম সভার কার্যবিবরণীর (ক) ক্রমিকের সিদ্ধান্তটি নিম্নরূপ সংশোধনসহ কার্যবিবরণী দৃঢ়করণ করা হলো:<br>কোন সরকারি গবেষণা প্রতিষ্ঠান বা উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের ভূ-গর্ভস্থ পানি সংক্রান্ত ব্যক্তিগত বা প্রাতিষ্ঠানিক গবেষণার ফলাফল অবশ্যই পানি সম্পদ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয় |

<u>আলোচ্যসূচী-৩:</u> পরিচালনা বোর্ডের ১৪তম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মহাপরিচালক, ওয়ারপো সভাকে অবহিত করেন। তিনি জানান, গত সভার (খ) ক্রমিকের সিদ্ধান্ত অনুসারে উজান থেকে নেমে আসা পলি ব্যবস্থা ও ভূমি পুনরুদ্ধার সম্পর্কিত সমীক্ষা পরিচালনার জন্য বুয়েট এর সাথে যৌথ গবেষণা (Research on Sediment Distribution and Management in South-West Region of Bangladesh) চলমান আছে। (গ) ক্রমিকের সিদ্ধান্ত অনুসারে ওয়ারপো'র মূল্যবান তথ্যাদি স্ক্যান পূর্বক ওয়ারপো আর্কাইভে সংরক্ষণ করা হয়েছে। এ পর্যায়ে সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় ওয়ারপো'র আর্কাইভে সংরক্ষণকৃত মূল্যবান তথ্যাদির উপর একটি সংক্ষিপ্ত উপস্থাপনা পরিচালনা বোর্ডের পরবর্তী ১৬তম সভায় উপস্থাপনের জন্য মহাপরিচালক, ওয়ারপো-কে অনুরোধ করেন। এছাড়া পরিচালনা বোর্ডের সভা নিয়মিত প্রতি ছয় মাস অন্তর আয়োজনের উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়।

| সিদ্ধান্তের ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৩.১ | ওয়ারপো'র আর্কাইভে সংরক্ষণকৃত মূল্যবান তথ্যাদির উপর একটি সংক্ষিপ্ত উপস্থাপনা পরিচালনা বোর্ডের পরবর্তী ১৬তম সভায় উপস্থাপন করতে হবে। | মহাপরিচালক ওয়ারপো |
| ৩.২ | পরিচালনা বোর্ডের সভা নিয়মিত প্রতি ছয় মাস অন্তর আয়োজনের উদ্যোগ নিতে হবে। | মহাপরিচালক ওয়ারপো |

<u>আলোচ্যসূচী-৪:</u> বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর বাস্তবায়ন পর্যালোচনা:

বাংলাদেশ পানি আইন, ২০১৩ ও বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ মাঠ পর্যায়ে বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা হয়। ওয়ারপো'র মহাপরিচালক বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ অনুযায়ী গঠিত জেলা, উপজেলা ও ইউনিয়ন সমন্বিত পানি ব্যবস্থাপনা কমিটি সম্পর্কে সভাকে অবহিত করেন। কমিটিগুলোর জন্য ইতোমধ্যে গাইডলাইন প্রণীত হয়েছে মর্মেও তিনি পরিচালনা বোর্ডকে জানান। এ পর্যায়ে সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় বলেন যে, প্রত্যেক জেলায় জেলা, উপজেলা কমিটির সদস্যদের নিয়ে দুই দিন ব্যাপী কর্মশালা আয়োজন করতে হবে। সভাপতি বলেন, স্থানীয় এনজিও-দের এ কর্মশালায় সম্পৃক্ত করতে হবে। বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর ধারা-১৯ ও বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর বিধি-২৮ এর আলোকে সারাদেশে মৌজাভিত্তিক পানি সম্পদ সমীক্ষা প্রকল্প গ্রহণের বিষয়ে মহাপরিচালক, ওয়ারপো সভায় অবহিত করেন। প্রস্তাবিত প্রকল্পটির বিষয়ে সচিব, কৃষি মন্ত্রণালয়, সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান, পরিকল্পনা কমিশন, সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় আলোচনা করেন। মৌজাভিত্তিক সমীক্ষার

পরিবর্তে এ্যাকুইফার ম্যাপিং করে ভূগর্ভস্থ পানি সমীক্ষা অধিকতর যুক্তিযুক্ত মর্মে সভায় সকলে একমত পোষণ করেন। এছাড়া প্রস্তাবিত প্রকল্পটি বিএডিসি, পানি উন্নয়ন বোর্ডের প্রকল্পের চলমান বা সমাপ্ত প্রকল্পের সাথে যেন দ্বৈততা সৃষ্টি না করে, সরকারি সম্পদের সীমিত ও সর্বোত্তম ব্যবহার যাতে নিশ্চিত করা যায়, সে বিষয়ে সভায় মহাপরিচালক, ওয়ারপো-কে নির্দেশনা প্রদান করা হয়। পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্রের আবেদন গ্রহণ ও প্রদান অনলাইনে সম্পাদনের জন্য চলমান প্রকল্প এবং পানির ছায়ামূল্য নির্ধারণ সংক্রান্ত চলমান প্রকল্পের অগ্রগতি মহাপরিচালক, ওয়ারপো সভাকে অবহিত করেন। তিনি জানান উভয় প্রকল্প জুন/২০২০ এর মধ্যে সম্পন্ন হবে। পানি সম্পদ উন্নয়ন প্রকল্প ছাড়পত্রের আবেদন দশ কার্যদিবসের মধ্যে নিষ্পত্তির জন্য সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় ওয়ারপো-কে নির্দেশনা দেন। এছাড়া অনলাইন প্ল্যাটফরমে যেন জেলা, উপজেলা কমিটি'র নির্ধারিত পর্যায়ে প্রকল্প ছাড়পত্র প্রদানের access থাকে, তা নিশ্চিত করার জন্যও সভায় নির্দেশনা প্রদান করা হয়। বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর ধারা-১৫ অনুযায়ী জাতীয় পানি সম্পদ পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা, ২১০০ এর কৌশলগত দিক এবং পানি সম্পদ খাত সংশ্লিষ্ট পর্যবেক্ষণসমূহ গভীরভাবে পর্যালোচনার জন্য সভায় ওয়ারপো-কে পরামর্শ প্রদান করা হয়। Industrial Water Use Policy প্রণয়নে ওয়ারপো'র নিজস্ব জনবল ও সক্ষমতার মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান (United Nations ESCAP)- এর সঙ্গে মতবিনিময়ের মাধ্যমে নীতিমালার খসড়া প্রণয়ন করা হচ্ছে মর্মে মহাপরিচালক পরিচালনা বোর্ডকে অবহিত করেন। এ পর্যায়ে সভাপতি বলেন, প্রস্তাবিত নীতিটি আন্তঃমন্ত্রণালয় সভায় উপস্থাপনের পূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহের সাথে যোগাযোগ করে পরামর্শ গ্রহণ করতে হবে। আগামী অক্টোবর ২০১৯-এর মধ্যে খসড়া নীতিটি আন্তঃমন্ত্রণালয় সভার জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ এবং তৎপূর্বে সরকারি, বেসরকারি পর্যায়ে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে মতবিনিময় কর্মশালা আয়োজন করা হবে মর্মে মহাপরিচালক অবহিত করেন। বাংলাদেশ পানি আইনের আওতায় প্রসিকিউশন, জরিমানা সংক্রান্ত প্রায়োগিক বিষয়াদি নিয়ে জেলা পর্যায়ের কর্মশালায় আলোচনা করে তারপর এ সংক্রান্ত সুপারিশ প্রণয়ন করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত হয়। উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে জলাভূমি, হাওর প্রভৃতি সংরক্ষণ; পানি ব্যবহারে পরিমিতি, সেচ কাজে গভীর নলকূপ স্থাপন না করা; পরিবেশ, প্রতিবেশ সহনীয় উন্নয়ন পরিকল্পনা; water smart urban development with low environmental impact বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সিদ্ধান্ত হয় যে, ওয়ারপো এ বিষয়ে পরবর্তী সভার পূর্বেই একটি Policy Concept Note তৈরি করে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

| সিদ্ধান্তের ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৪.১ | প্রত্যেক জেলায় জেলা ও উপজেলা সমন্বিত পানি ব্যবস্থাপনা কমিটির সদস্যদের নিয়ে দিন ব্যাপী কর্মশালা আয়োজন করতে হবে। এতে স্থানীয় এনজিওদের সক্রিয়ভাবে সম্পৃক্ত করতে হবে। | মহাপরিচালক ওয়ারপো |
| ৪.২ | বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর ধারা-১৯ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর বিধি-১৮ এর নির্দেশনা অনুযায়ী সমগ্রদেশে পানি সম্পদের জরিপ সম্পাদনের জন্য ওয়ারপো কর্তৃক একটি প্রকল্প প্রণয়ন করা হয়েছে। বিএডিসি অথবা অন্য কোন সরকারি সংস্থার নিকট ভূ-গর্ভস্থ পানি সংক্রান্ত যে সকল তথ্য-উপাত্ত রয়েছে তা সংগ্রহ করে সেই রিপোর্টের সঙ্গে সামঞ্জস্য রেখে সকল তথ্য-উপাত্ত বিবেচনায় নিয়ে অবশিষ্ট জরিপ কার্যক্রম এ প্রকল্পের মাধ্যমে সম্পন্নকরণ এবং সরকারি সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে। প্রস্তাবিত প্রকল্পের যথাযথ কার্যকারিতা নিশ্চিত করার লক্ষ্যে এ্যাকুইফার ম্যাপিং অন্তর্ভুক্ত করতে হবে। | মহাপরিচালক ওয়ারপো |

| সিদ্ধান্তের ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৪.৩ | ওয়ারপো কর্তৃক বর্তমানে পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্রের আবেদন ম্যানুয়ালি গ্রহণ ও নিষ্পত্তি করা হচ্ছে। "পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ছাড়পত্র এবং ভূ-গর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তি পত্র অনলাইন প্রক্রিয়াকরণ" শীর্ষক প্রকল্পটি যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। আগামী জুন/২০২০ হতে প্রকল্প ছাড়পত্র ও ভূ-গর্ভস্থ পানি উত্তোলনের অনাপত্তি পত্রের আবেদন অনলাইনে গ্রহণ এবং ছাড়পত্র ও অনাপত্তি পত্র অনলাইনে প্রদান নিশ্চিত করতে হবে। পানি সম্পদ উন্নয়ন প্রকল্প ছাড়পত্রের আবেদন ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি করতে হবে। | মহাপরিচালক ওয়ারপো |
| ৪.৪ | বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর ধারা-১৫ এর নির্দেশনা অনুযায়ী জাতীয় পানি সম্পদ পরিকল্পনা প্রণয়ন করতে হবে। উক্ত পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা, ২১০০ এর কৌশলগত দিকসমূহের সঙ্গে সামঞ্জস্য রাখতে হবে। এছাড়া ব-দ্বীপ পরিকল্পনার পানি সম্পদ খাত সংশ্লিষ্ট পর্যবেক্ষণসমূহ পর্যালোচনা করে জাতীয় পানি সম্পদ পরিকল্পনা (National Water Resources Plan) প্রণয়ন নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক ওয়ারপো |
| ৪.৫ | Industrial Water Use Policy এর খসড়া আগামী অক্টোবর ২০১৯-এর মধ্যে আন্তঃমন্ত্রণালয় সভার জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এর পূর্বে সংশ্লিষ্ট সরকারি, বেসরকারি স্টেকহোল্ডারদের সাথে একাধিক মতবিনিময় কর্মশালা আয়োজন করতে হবে। এর অগ্রগতি সম্পর্কে পানি সম্পদ মন্ত্রণালয়কে নিয়মিত অবহিত করতে হবে। | মহাপরিচালক ওয়ারপো |
| ৪.৬ | বাংলাদেশ পানি আইনের আওতায় প্রসিকিউশন, জরিমানা সংক্রান্ত প্রায়োগিক বিষয়াদি নিয়ে জেলা পর্যায়ের কর্মশালায় আলোচনা করে তারপর এ সংক্রান্ত সুপারিশ প্রণয়ন করতে হবে। | মহাপরিচালক ওয়ারপো |
| ৪.৭ | পরিবেশ, প্রতিবেশ সহনীয় উন্নয়ন নিশ্চিত করার জন্য water smart urban development with low environmental impact বিষয়ে ওয়ারপো পরবর্তী সভার পূর্বেই একটি Policy Concept Note তৈরি করে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | মহাপরিচালক ওয়ারপো |

<u>আলোচ্যসূচী-৫:</u> ওয়ারপো'র প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ

ওয়ারপো'র জেলা কার্যালয় স্থাপনের জন্য জনবল অনুমোদনের হালনাগাদ তথ্য মহাপরিচালক পরিচালনা বোর্ডকে অবহিত করেন। ওয়ারপো'র জেলা কার্যালয় স্থাপনের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কার্যালয়ে অস্থায়ী ভিত্তিতে স্থান সংকুলান এবং পরবর্তীতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের জেলা কার্যালয় চত্বরে একই সীমানা প্রাচীরের ভিতরে পানি উন্নয়ন বোর্ডের খালি জায়গায় ওয়ারপো'র অফিস ভবন নির্মাণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। এতে সরকারের মূল্যবান জমি সাশ্রয় হবে, অফিস নিরাপত্তা এবং যোগাযোগ সহজতর হবে মর্মে সকলে একমত পোষণ করেন ।

| সিদ্ধান্তের ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৫.১ | ওয়ারপো'র জেলা কার্যালয় স্থাপনের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের জেলা কার্যালয়ে অস্থায়ী ভিত্তিতে স্থান সংকুলান করতে হবে। | পানি সম্পদ মন্ত্রণালয় |
| ৫.২ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের জেলা কার্যালয় চত্বরে একই সীমানা প্রাচীরের ভিতরে পানি উন্নয়ন বোর্ডের অব্যবহৃত খালি জায়গায় ওয়ারপো'র অফিস ভবন নির্মাণের জায়গা নির্বাচন করতে হবে। | |

<u>বিবিধ আলোচনা:</u>

ওয়ারপো গভর্নিং বোর্ডের সম্মানিত সদস্যদের সম্মানীর হার ২০০০/- টাকা যা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, নদী গবেষণা ইনস্টিটিউট এর গভর্নিং বোর্ডের সম্মানীর হারের সাথে সামঞ্জস্য বিধান করে ৫০০০/- টাকা নির্ধারণের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় ।

| সিদ্ধান্তের ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৬.১ | ওয়ারপো গভর্নিং বোর্ডের সম্মানিত সদস্যদের সম্মানীর হার ২০০০/- টাকার পরিবর্তে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, নদী গবেষণা ইনস্টিটিউট এর গভর্নিং বোর্ডের সম্মানীর হারের সাথে সামঞ্জস্য বিধান করে ৫০০০/- টাকা নির্ধারণ করা হলো। | মহাপরিচালক ওয়ারপো |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জাহিদ ফারুক, এমপি)
প্রতিমন্ত্রী
পানি সম্পদ মন্ত্রণালয়
ও
সভাপতি, ওয়ারপো পরিচালনা বোর্ড